

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তির দ্বীনদারিতা যখন মজবূত হয় তখন তার উপর বিপদাপদ কঠিন হয় আর যখন তার দ্বীনদারিতা হালকা হয়, তখন তার উপর বিপদাপদও হালকা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُسْلِمَ كُلَّمَا تَخُن دِينُهُ كَثُرَ بَلَاقُهُ وَمَنْ رَقَّ دِينُهُ خُفِّفَ ذَلِكَ عنه

আরবী

2909 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِسْمَاعِيلَ الطَّالَقَانِيُّ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْعَلاءِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ عَنْ سَعْدِ قَالَ: سُئِلَ وَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: أي النَّاسِ أَشَدُّ بَلَاءً؟ قَالَ: (الْأَنْبِيَاءُ ثُمَّ الْأَمْثَلُ فَالْأَمْثَلُ لَا النَّاسُ عَلَى قَدْرِ دِينِهِمْ فَمَنْ ثَخُنَ دِينُهُ اشْتَدَّ بَلَاقُهُ وَمَنْ ضَعُفَ دِينُهُ ضَعُفَ بَلَاقُهُ وَإِنَّ الرَّجُلَ لِيُصِيبَهُ الْبَلَاءُ حَتَّى يمشي في الناس ما عليه خطيئة)

الراوي: سَعْد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2909 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (143).

বাংলা

২৯০৯. সা'দ রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হয়, "মানুষের মাঝে কারা সবচেয়ে বেশি বালা-মুসীবতে নিপতিত হন?" জবাবে তিনি বলেন, "নাবীগণ আলাইহিমুস সালাম। তারপর যিনি উত্তম ব্যক্তি। তারপর যিনি উত্তম ব্যক্তি। বান্দাকে তার দ্বীন অনুপাতে পরীক্ষা করা হয়। যার দ্বীনদারিতা উঁচু হয়, তার বিপদাপদও কঠিন হয়, আর যার দ্বীনদারিতা হালকা হয়, তার বিপদাপদও হালকা হয়। আল্লাহর বান্দাদের বিপদাপদ লেগেই থাকে, এভাবে এক পর্যায়ে এমন হয় যে, সে মানুষের মাঝে হাঁটে, তার উপর একটি পাপও অবশিষ্ট থাকে না।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৪১; তিরমিযী: ২৩৯৮; মুসনাদ আহমাদ: ১/১৮৫; ইবনু মাজাহ: ৪০২৩; বাগাবী: ১৪৩৪; হাকিম:



১/৪১; দারেমী: ২/৩২০; সুনান বাইহাকী: ৩/৩৭২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুল হিসান: ২৮৮৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন